

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১০৬-আইন/২০২৩/১৫০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৮-আইন/২০২২/৬৬/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(১) TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading-

(ক) 84.28 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“84.28 All H.S. Codes (Excluding 8428.10.00; 8428.40.00)”;

(খ) 85.03 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“85.03 All H.S. Codes (Excluding 8503.00.91)”;

(গ) 85.37 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ Heading এবং এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“85.37 8537.10.10”;

(ঘ) 94.06 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত এন্ড্রিসমূহ বিলুপ্ত হইবে; এবং

(২) শর্ত (১১) এর প্রাস্তস্থিত সেমিকোলন (;) এর পরিবর্তে কোলন (:) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নবর্ণিত শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান কাঁচামাল বা উপকরণ হিসাবে ব্যবহৃত এই প্রজ্ঞাপনের টেবিলভুক্ত পণ্য আমদানি করিলে উক্ত আমদানিকারক উৎপাদনকারী হিসাবে গণ্য হইবে না, তবে বাণিজ্যিক আমদানিকারকের সমান রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে;”।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।